55

দৈনিক বাংলা
তারিখ - ২৭.৬.৯৫

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ( ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১নং সোনারগাঁও রোড (পলাশী- নীলক্ষেত), ঢাকা -১২০৫

# শিক্ষা মন্ত্রণালয়ের পত্রপ্রাপ্ত বেসরকারী স্বীকৃতিপ্রাপ্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীদের বেতনের সরকারী অংশ (অনুদানভুক্তি) প্রদান বিষয়ে জরুরী বিজ্ঞপ্তি

যে সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা তাহাদের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদির সরকারী অংশ প্রাপ্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পত্র পাইয়াছেন, সেই সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে এম.পি.ও ভুক্তির লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি ১৫ই জুলাই-এর মধ্যে ব্যানবেইস -এর পরিচালক বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা যাইতেছে। ব্যানবেইস কর্তৃক এম.পি.ও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত অনুদানবিহীন শিক্ষক/কর্মচারীদের কাগজপত্রাদিও একই তারিখের মধ্যে প্রেরণ করিতে হইবে।

এম.পি.ও ভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকাঃ

(ক) শিক্ষা মন্ত্রণালয়ের অনুদান সংক্রান্ত চিঠির সত্যায়িত কপি।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের সাথে প্রেরিত অঙ্গীকারপত্র স্বাক্ষরিত ও সীলমোহরকৃত (৫০ টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে)।

(গ) ১৯৯৩ ইং সালে ব্যানবেইস কর্তৃক সম্পাদিত জরিপ ফরমের সত্যায়িত কপি। জরিপ না হইয়া থাকিলে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার কর্তৃক জরিপকৃত স্বাক্ষরিত জরিপ ফরম (স্কুল ও মাদ্রাসার জন্য প্রযোজ্য) কলেজের ক্ষেত্রে জরিপ না হইয়া থাকিলে ব্যানবেইস পরিচালক বরাবর জরিপের জন্য অতিসত্বর আবেদন করিতে হইবে।

(ঘ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কমিটির অনুমোদনপত্রের সত্যায়িত কপি।

(ঙ) স্বীকৃতি/নবায়নপত্রের সত্যায়িত কপি।

(চ) ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়োগ অনুমোদনের সত্যায়িত কপিসহ নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজপত্র।

(ছ) নিয়োগপত্র ও যোগদানপত্র।

(জ) শিক্ষক/কর্মচারীদের চাকুরী বিবরণী ফরম জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রতি-স্বাক্ষরিত। অনুদানভুক্ত ও অনুদান বহির্ভূত সকলের নাম পৃথকভাবে থাকিবে।

(ঝ) সকল কাগজপত্র গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

আফরোজা বেগম,
পরিচালক, ব্যানবেইস,
শিক্ষা মন্ত্রণালয়,
ফোন-৫০৭২৪৪।

ডিএফপি- ১৫৯৭১-২৪/৬.
স-৫০২ (৭×২)